

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৮০

পানিসাগর, ১৬, জানুয়ারি, ২০২৪

প্রতি ঘরে সুশাসন ২.০  
পানিসাগর ব্লকভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি পানিসাগর ব্লকভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। পানিসাগর পঞ্চায়েত সমিতির কার্যালয় প্রাঙ্গনে আয়োজিত ব্লকভিত্তিক শিবিরের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। শিবিরের উদ্বোধন করে সভাপতি শ্রী দাস বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জন কল্যাণমূলক প্রকল্প সম্পর্কে জনসচেতনতা ও জনঅংশদারী বৃদ্ধির লক্ষ্যে রাজ্যের বিভিন্ন এলাকায় বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন অভিযান শিবিরের আয়োজন করা হচ্ছে। স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য। সভাপতিত্ব করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস। শিবিরে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত, সমাজসেবী বিবেকানন্দ দাস প্রমুখ। শিবিরে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। সরকারী এই স্টলগুলির মাধ্যমে বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধাগুলি সম্পর্কে জনগণকে অবহিত করা হয়। পাশাপাশি স্বাস্থ্য দপ্তরের মাধ্যমে জনগণকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা ও ঔষধ দেওয়া হয়। মৎস্যদপ্তরের পক্ষ থেকে একজন সুবিধাভোগীকে বরফ বাক্স সহ দ্বিচক্রযান এবং একজনকে বরফ বাক্স সহ ত্রিচক্রযান দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২ জনকে মিনি হেচারির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, ১ জন সুবিধাভোগীকে প্রাণী সম্পদ নিধি প্রকল্পে ৬ হাজার টাকা আর্থিক সহায়তা দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৫ জনকে আয়ুস্মান কার্ড, শ্রম দপ্তরের পক্ষ থেকে ২ জনকে ই-শ্রম কার্ড, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ৩ জনকে সয়েল হেলথ কার্ড দেওয়া হয়। এছাড়া পানিসাগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে এস সি, এসটি, ওবিসি, পিআরটিসি, ইনকাম সার্টিফিকেট ও আধার কার্ডের জন্য আবেদন পত্র গ্রহণ করা হয়।

\*\*\*\*\*